

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৬৬

বিলৌনীয়া, ১১ নভেম্বর, ২০২৪

### বিলৌনীয়ায় ১৪ নভেম্বর রাজ্যভিত্তিক শিশু দিবস

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগামী ১৪ নভেম্বর বিলৌনীয়ায় রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন করা হবে। শিশু দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি তপন দেবনাথ, বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক স্মিতা মল এম এস এবং পুলিশ সুপার অশোক কুমার সিনহা। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*